

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

এফই সার্কুলার নং ৩১

তারিখঃ আগস্ট ২৪, ২০১৪

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

আমদানি বাণিজ্যে বৈদেশিক অর্থায়ন (বায়ার্স ক্রেডিট/সাপ্লায়ার্স ক্রেডিট) : পরিশোধ কার্যক্রমে শৃংখলা আনয়ন প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নং ২২, তারিখ জুন ০১, ২০১৪ এবং তদপূর্ববর্তীতে এফই সার্কুলার নং ২৭, তারিখ জুলাই ০১, ২০১৪ এর নির্দেশনা অনুযায়ী বিলম্বিত মূল্য পরিশোধ ব্যবস্থায় আমদানিযোগ্য পন্য আমদানির বিপরীতে ছয় মাস মেয়াদে এবং মাঃডঃ ১.০০ মিলিয়ন মূল্য পর্যন্ত ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধ প্রদান থেকে অব্যহতি দেয়া হয়েছে। এক্ষেত্রে ছয় মাস মেয়াদে বিলম্ব মূল্য পরিশোধ ব্যবস্থায় নিম্নোক্ত অপ্রক্রিয়াজাতকৃত/অপরিশোধিত খাদ্যদ্রব্য আমদানির ক্ষেত্রে মূল্য সীমা নির্বিশেষে ত্রৈমাসিক কিস্তিতে পরিশোধ ব্যবস্থা প্রযোজ্য হবে না মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

- (ক) রিফাইনার/মিলার কর্তৃক অপ্রক্রিয়াজাত ভোজ্য তেল এবং তৈল বীজ আমদানি,
- (খ) রিফাইনার কর্তৃক অপরিশোধিত চিনি আমদানি,
- (গ) ময়দা মিল কর্তৃক অপ্রক্রিয়াজাত গম।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫০